

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
কলাপাড়া, পটুয়াখালী।

### “খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

কলাপাড়া উপজেলাধীন মহিপুর ইউনিয়নের মহিপুর বাজার, চাকামইয়া ইউনিয়নের বেতমোর ও নিশানবাড়ীয়া বাজার এবং নীলগঞ্জ ইউনিয়নের সলিমপুর বাজার বিক্রয়কেন্দ্রে একজন করে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ইউনিয়নের ব্যক্তিবর্গের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদনপত্র আগামী ২৬/০৫/২০২৪খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে গ্রহণ করা হবে। উক্ত তারিখের পরে আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আবেদনকারীর নিম্নে বর্ণিত যোগ্যতা ও কাগজপত্র থাকতে হবে।

- ১। আবেদনকারী বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ১৮ বছর বয়স হতে হবে।
- ২। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে। নিজস্ব অথবা ভাড়ার স্বপক্ষে হালনাগাদ ডকুমেন্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৩। আবেদনকারীর একসঙ্গে কমপক্ষে ১৫ মেঃটন খাদ্যশস্য সংরক্ষনের উপযোগী পাকা মেঝে বিশিষ্ট ঘর থাকতে হবে।
- ৪। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি ও সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদের পরিচয়পত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৫। ট্রেড লাইসেন্স (হালনাগাদ) আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ৬। আবেদনকারীকে আর্থিক ভাবে স্বচ্ছল ও ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ পত্রের কপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।
- ৭। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকা ভুক্ত, বাতিলকৃত, সাময়িক ভাবে বরখাস্ত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারী আবেদন করতে পারবেন না।
- ৮। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।
- ৯। কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা (ফেরৎ যোগ্য) জামানত পে-অর্ডার আকারে এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্কিরনামা প্রদান করতে হবে।
- ১০। চূড়ান্ত নিয়োগ পাওয়ার পর খাদ্যশস্যের শ্রেণী ভিত্তিক লাইসেন্স গ্রহণ করতে হবে।



(মোঃ নুরুল্লাহ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কলাপাড়া, পটুয়াখালী।

স্মারক নং-১৩.০১.৭৮৬৬.০০৪.৫৭.০১৫.১৯-১৫১

তারিখঃ ১৫/০৫/২০২৪খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/আবগতির জন্য।

- ০১। মাননীয় সংসদ সদস্য, ১১৪ পটুয়াখালী-০৪ ও মাননীয় প্রতিমন্ত্রী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৫। উপজেলা ভাইস চেয়ারম্যানগণ, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৭। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৮। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।
- ১১। চেয়ারম্যান, মহিপুর/চাকামইয়া/নীলগঞ্জ, ইউনিয়ন পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
- ১২। সভাপতি প্রেসক্লাব, কলাপাড়া, পটুয়াখালী।
- ১৩। অফিস কপি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
কলাপাড়া, পটুয়াখালী।